রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৬, ২০১৫

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ অগ্রহায়ণ, ১৪২২/ ২৬ নভেম্বর, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১২ অগ্রহায়ণ, ১৪২২ মোতাবেক ২৬ নভেম্বর, ২০১৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৫ সনের ২৬ নং আইন

### স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০০৯ সনের ৬০ নং আইন এর ধারা ২ এর সংশোধন**।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (৪৮) এর পর নিম্নরূপ দফা (৪৮ক) সন্নিবেশিত হইবে, যথা :—

''(৪৮ক) ''**রাজনৈতিক দল**'' অর্থ Representation of the People Order, 1972 (P.O No. 155 of 1972) এর article 2 (xixa) তে সংজ্ঞায়িত registered political party;'';


**মূল্য ঃ** টাকা ৪.০০

(খ) দফা (৫৫) এর পর নিম্নরূপ দফা (৫৫ক) সন্নিবেশিত হইবে, যথা :—

"(৫৫ক) ''**স্বতন্ত্র প্রার্থী**'' অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন;''।

৩। **২০০৯ সনের ৬০ নং আইনে নূতন ধারা ৩২ক এর সন্নিবেশ**।—উক্ত আইনের ধারা ৩২ এর পর নিম্নরূপ নূতন ধারা ৩২ক সন্নিবেশিত হইবে, যথা :—

**৩২ক**। **নির্বাচনে অংশগ্রহণ**।—ধারা ৯ এর বিধান সাপেক্ষে, কোন সিটি কর্পোরেশনের মেয়র পদে নির্বাচনে অংশগ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।

৪। **২০০৯ সনের ৬০ নং আইন এর ধারা ৩৫ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৩৫ এর উপ-ধারা (২) এর পূর্বে উল্লিখিত বিদ্যমান বিধানটি উপ-ধারা (১) হিসেবে সংখ্যায়িত হইবে এবং অতঃপর উক্ত সংখ্যায়িত উপ-ধারা (১) এর দফা (খ) এর পর নিম্নরূপ দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথা :—

''(খখ) রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনে অংশগ্রহণ সংক্রান্ত যে কোন বিষয়;''।

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd